

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৯.৪০৬—আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে ‘The World’s Most Powerful Women in 2019’-শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। ‘ফোর্বস’ কর্তৃপক্ষ ব্যবসা, মানবসেবা, গণবাধ্যতা ও রাজনীতিতে প্রতিনিধিত্বকারী যে নারীগণ নেতৃত্বান্বিত ভূমিকা রেখেছেন, ঐ-সকল কীর্তিময়ী ১০০ জনকে নিয়ে এই তালিকা তৈরি করেছে। এই তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ২৯তম।

২। শুধু মার্কিন সাময়িকী ‘ফোর্বস’-ই নয় এ বছর আন্তর্জাতিক সংস্থা উইকিলিকসও খ্যাতিমান নারী সরকার-প্রধান হিসাবে সুনীর্ধকাল রাষ্ট্র পরিচালনার বিষয়ে পরিচালিত এক গবেষণায় প্রণীত তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দীর্ঘতম মেয়াদে দেশ পরিচালনায় বিশ্বের খ্যাতিসম্পন্ন শীর্ষ নারী সরকার-প্রধানের তালিকায়ও অন্তর্ভুক্ত করে।

৩। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিম্পত্তি বাংলাদেশের অবস্থানকে ত্রুটাগত সুসংহত করে চলেছেন। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ‘The World’s Most Powerful Women in 2019’-শীর্ষক তালিকায় যোগ্যতা ও সক্ষমতার ভিত্তিতে সীয় অবস্থান সুদৃঢ় করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ৮ পৌষ ১৪২৬/২৩ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গ্রহণ করা হয়।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

**৮ পৌষ ১৪২৬**  
**ঢাকা : ২৩ ডিসেম্বর ২০১৯**

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ১২ ডিসেম্বর ২০১৯ তারিখে ‘The World’s Most Powerful Women in 2019’-শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। ‘ফোর্বস’ কর্তৃপক্ষ ব্যবসা, মানবসেবা, গণমাধ্যম ও রাজনীতিতে প্রতিনিধিত্বকারী যে নারীগণ নেতৃস্থানীয় ভূমিকা রেখেছেন, ঐ-সকল কৌর্তিময়ী ১০০ জনকে নিয়ে এই তালিকা তৈরি করেছে। এ বছর বিশ্বের সবচেয়ে ক্ষমতাশালী নারীদের তালিকায় যাঁরা স্থান পেয়েছেন, তাঁরা একেকজন উল্ল্লিঙ্ক ও অন্যদের জন্য অনুপ্রেরণাদায়ী। তাঁরা প্রচলিত ক্ষমতাকাঠামোকে পুনরায় সংজ্ঞায়িত করে বিশ্বমঞ্চে বিভিন্নভাবে নেতৃত্ব দিয়ে চলেছেন। এই তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ২৯তম। উক্ত প্রতিবেদনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্পর্কে বলা হয়েছে, তিনি বাংলাদেশের সবচেয়ে বেশি সময় ক্ষমতায় থাকা প্রধানমন্ত্রী। তিনি টানা তৃতীয়বার এবং সব মিলিয়ে চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করছেন। তিনি দেশে দৃঢ়ভাবে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন। এ ছাড়া, দেশের সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নে নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছেন। শুধু মার্কিন সাময়িকী ‘ফোর্বস’-ই নয় এ বছর আন্তর্জাতিক সংস্থা উইকিলিকসও খ্যাতিমান নারী সরকার-প্রধান হিসাবে সুনির্দিষ্ট রাষ্ট্র পরিচালনার বিষয়ে পরিচালিত এক গবেষণায় প্রণীত তালিকায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দীর্ঘতম মেয়াদে দেশ পরিচালনায় বিশ্বের খ্যাতিসম্পন্ন শীর্ষ নারী সরকার-প্রধানের তালিকায়ও অন্তর্ভুক্ত করে।

সমাজে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠা ও এর সুষ্ঠু বিকাশের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আপোষহীন ভূমিকা, সুশাসন প্রতিষ্ঠার ঐকাত্তিক প্রয়াস, বাংলাদেশের অর্থনীতির ত্বরণাগত উন্নয়ন ও সম্প্রসারণ এবং সামাজিক প্রাগ্রসরতাসহ বিভিন্ন মানব-উন্নয়ন সূচকের ধারাবাহিক উর্ধ্বগামিতা বজায় রাখা এবং আন্তর্জাতিক পর্যায়ে কার্যকর নেতৃত্বান্বেষণের সক্ষমতা তাঁকে বিশ্বের দরবারে সুউচ্চ আসনে সমাপ্তী করেছে। দেশে শান্তি প্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন, দুর্নীতি প্রতিরোধ এবং গণতন্ত্র ও আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য বিশ্বের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয় ও ইন্সিটিউট কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিভিন্ন পর্যায়ের সম্মাননায় ভূষিত করা হয়েছে। মিয়ানমার থেকে পালিয়ে আসা ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় প্রদানের পরিপ্রেক্ষিতে পশ্চিমা গণমাধ্যম ইতৎপূর্বে তাঁকে ‘বিশ্ব মানবতার জননী’ বলে আখ্যায়িত করেছে। তাঁর এই অনন্য অবদানকে বিশ্ব রাজনীতিতে সাহসী ও মানবিক নেতৃত্বের পরিচয় বলে ভূয়সী প্রশংসা করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলেছেন। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক ‘The World’s Most Powerful Women in 2019’-শীর্ষক তালিকায় যোগ্যতা ও সক্ষমতার ভিত্তিতে স্বীয় অবস্থান সুদৃঢ় করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)